# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 06-11-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- এর কাজ খতিয়ে দেখতে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ থেকে পর্যালোচনার কাজ শুরু করবেন।

২) এস আই আর-এর অঙ্গ হিসেবে গতরাত আটটা পর্যন্ত এক কোটি ১০ লক্ষের বেশি এন্যুমারেশন ফর্ম বিলি করা হয়েছে । আজ থেকে অনলাইনে মিলবে ফর্ম।

৩) নদীয়ার নবদ্বীপে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি সাংসদ সুকান্ত মজুমদারের কনভয়ে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর সার্ধশত বর্ষ পূর্তি উপলক্ষে এক বছরব্যাপী বিশেষ কর্মসূচীর সূচনা করবেন।

৫) ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজ সূচনা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ থেকে এরাজ্যে পর্যালোচনার কাজ শুরু করবেন। সকাল ১০-টায় আলিপুরদুয়ারের কালেক্টরেট মিটিং হলে শুরু হবে বৈঠক। উপস্থিত থাকবেন জেলা নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত জেলা শাসক(ইলেকশন), জেলা ওসি (ইলেকশন), সংশ্লিষ্ট জেলার ERO , AERO ও প্রযুক্তি অধিকারিকরা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস নির্বাচন কমিশনের ওই প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন।

এরপর তারা যাবেন পরিস্থিতি খতিয়ে দেখতে। দুপুরে কোচবিহারে উৎসব অডিটোরিয়ামে বৈঠকে যোগ দেওয়ার পাশাপাশি তাদের এলাকা ঘুরে দেখার কথা।

আগামীকাল নির্বাচন কমিশনের ওই প্রতিনিধি দল, জলপাইগুড়ি জেলা পরিষদ অডিটোরিয়ামে বৈঠক করবেন, এরপর পরিস্থিতি খতিয়ে দেখতে শিলিগুড়ি যাবেন। শিলিগুড়ি সার্কিট হাউজে ওইদিনই দার্জিলিং জেলার সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন তাঁরা। সেখানেও এলাকা ঘুরে দেখার কর্মসূচী রয়েছে।

শনিবার প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এস আই আর-এর অঙ্গ হিসেবে গতকাল রাত আটটা পর্যন্ত এক কোটি ১০ লক্ষের বেশি এন্যুমারেশন ফর্ম বিলি করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। বাড়ি বাড়ি গিয়ে এন্যুমারেশন ফর্ম দেওয়ার পাশাপাশি আজ থেকে অন লাইনে এস আই আর

এন্যুমারেশন ফর্ম পাওয়া যাবে। নির্বাচন কমিশনের ওয়েবসাইটে গেলেই – এই ফর্মের লিঙ্ক মিলবে। এসংক্রান্ত কাজের জন্য কমিশনের পক্ষ থেকে একটি অ্যাপও রাখা হয়েছে। যারা সশরীরে ফর্মটি নিতে পারছেন না বা কর্মসূত্রে বাইরে থাকেন, তাদের জন্য এই ব্যবস্থা। ফর্ম ডাউনলোডের পর তা পূরণ করে অনলাইনেই আপলোড করার সংস্থান থাকছে। গোটা প্রক্রিয়াটি বিস্তারিতভাবে পোর্টালেই বলা আছে।

oooooooooooooooooooooo

রাজ্যজুড়ে এস আই আর প্রক্রিয়া শুরু হতে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। মুর্শিদাবাদের ভগবানগোলায় তৃনমূল কংগ্রেসের বুথ সভাপতি মনি শেখের বাড়িতে বসে এন্যুমারেশন ফর্ম ফিল আপের অভিযোগ উঠেছে বিএলও-র বিরুদ্ধে। সোহেল হোসেন নামে ওই ব্যক্তি মহিষাস্থলী গ্রাম পঞ্চায়েতের ৭০ নম্বর বুথের বিএলও হিসেবে কাজ করছিলেন।

ভগবানগোলা ১ নম্বর ব্লকের কাশীপুরেও সেলিম শেখ ভুট্টু নামে তৃনমূল কংগ্রেসের এক যুব নেতার বাড়িতে বসে বিএলওর এন্যুমারেশন ফর্ম ফিল আপের অভিযোগ উঠেছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বি এল ওদের নিরপেক্ষভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooo

নদীয়ার নবদ্বীপে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি সাংসদ সুকান্ত মজুমদারের কনভয়ে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। জগদ্ধাত্রী পুজোর ভাসানে পুলিশের লাঠি চার্জ নিয়ে কৃষ্ণনগরের কোতোয়ালি থানার সামনে দলীয় কর্মসূচীর পর রাস উপলক্ষে নবদ্বীপে যাচ্ছিলেন সুকান্তবাবু। সে সময় সরকারপাড়া রোডে কনভয়ের

কয়েকটি গাড়ি পিছিয়ে পড়ে। বিজেপি-র রাজ্য কৃষক মোর্চার সভাপতি মহাদেব সরকার ও উত্তর সাংগঠনিক জেলার সভাপতি অর্জুন বিশ্বাসের গাড়িগুলি বাসস্ট্যান্ডে ঢুকে অন্য গাড়ির খোঁজ করে। সে সময় কয়েকজন দুষ্কৃতি সেখানে চড়াও হয়। প্রথমে বচসা, পরে লাঠিসোঁটা নিয়ে আক্রমণ চালায় তারা। ছোঁড়া হয় ইটপাথর। এতে বিজেপি-র ২-৩ জন গুরুতর আহত হন। খবর পেয়ে সুকান্ত মজুমদার সেখানে পৌঁছন। অবিলম্বে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছে তিনি।

(বাইট – সুকান্ত)

যদিও তৃণমূল কংগ্রেস যাবতীয় অভিযোগ অস্বীকার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর সার্ধশত বর্ষ পূর্তি উপলক্ষে এক বছরব্যাপী বিশেষ কর্মসূচীর সূচনা করবেন। সংস্কৃতি মন্ত্রকের পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২০২৬-এর ৭ নভেম্বর পর্যন্ত বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই কালজয়ী সৃষ্টির ১৫০ বছর পূর্তিতে নানা অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই স্তোত্রের সঙ্গে দেশের গর্ব, ঐক্য ও স্বাধীনতা সংগ্রামের ইতিহাস জড়িয়ে।

এদিকে, রাজ্য বিজেপিও সারা বাংলায় এই উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করেছে। কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, আগামীকাল বিকেল ৫-টায় রাজ্যের প্রতিটি মন্ডলে পূর্ণাঙ্গ বন্দেমাতরম গাওয়া হবে।

(বাইট – শমিক)

oooooooooooooooooooooo

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সূচনা হবে আজ বিকেলে ধনধান্যে প্রেক্ষাগৃহে , চলবে এ মাসের ১৩ তারিখ পর্যন্ত। উপস্থিত থাকবেন শত্রুঘ্ন সিনহা, সৌরভ গাঙ্গুলী এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। উৎসবের বিশেষ অতিথি হিসেবে অংশ নেবেন পরিচালক সুজয় ঘোষ। উদ্বোধনী ছবি হিসেবে প্রদর্শিত হবে অজয় কর পরিচালিত উত্তম সুচিত্রা জুটির সপ্তপদী।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিত্)

গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় পোল্যান্ডের গ্রাফিক ডিজাইন এবং পোস্টার আর্ট শিল্পী অ্যান্দ্রজেজ পাগোওস্কির চিত্র প্রদর্শনী এবারের উৎসবের বিশেষ আকর্ষণ।

oooooooooooooooooooooo

পরিবহন পরিষেবাকে আরও দ্রুত, স্বচ্ছ ও নাগরিক-বান্ধব করতে বড় পদক্ষেপ নিচ্ছে রাজ্য সরকার। এবার রাজ্যের পরিবহন দপ্তর চালু করতে চলেছে মোট ৫০টি অনলাইন, ফেসলেস মোটরগাড়ি-সংক্রান্ত পরিষেবা—যেখানে নাগরিকদের আধার যাচাইকরণের মাধ্যমেই সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হবে।

এজন্য পরিবহনবিভাগের বাহন ও সারথি পোর্টাল অবিলম্বে আপগ্রেড করার জন্য পরিবহন সচিব সৌমিত্র মোহন ইতিমধ্যেই ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারকে নির্দেশ

দিয়েছেন । এই বিষয়ে এনআইসি-কে তিন দিনের মধ্যে একটি অ্যাকশন টেকেন রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

গত ১৪ অক্টোবর পরিবহন দপ্তর ও এনআইসি-র শীর্ষ আধিকারিকদের বৈঠকে এই ফেসলেস পরিষেবা চালুর রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

নতুন ব্যবস্থায় নাগরিকরা অনলাইনে আধার যাচাইকরণের মাধ্যমে লার্নার লাইসেন্স, ড্রাইভিং লাইসেন্স নবীকরণ বা প্রতিলিপি, নাম, ঠিকানা, জন্মতারিখ, বায়োমেট্রিক, ছবি বা স্বাক্ষর পরিবর্তন সংক্রান্ত পরিষেবার জন্য আবেদন করতে পারবেন। পাশাপাশি, *কনডাক্টর লাইসেন্স, গাড়ি রেজিস্ট্রেশন, পারমিট, মালিকানা হস্তান্তর ও আন্তর্জাতিক ড্রাইভিং পারমিট ইস্যু সম্পর্কিত পরিষেবাগুলিও এই ফেসলেস ব্যবস্থার অন্তর্ভুক্ত হবে।

oooooooooooooooooooooo

ধর্ষণ, খুন সহ বিভিন্ন অপরাধে ডি এন এ নমুনা সংগ্রহের জন্য রাজ্যে মান্য কার্যবিধি তৈরি করেছে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি। সিআইডি-র পাশাপাশি রাজ্যের সব পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের কাছে তা পাঠানো হয়েছে। বিভিন্ন মামলার ক্ষেত্রে ডিএনএ পরীক্ষার নমুনা সংগ্রহে যে ত্রুটি ধরাপড়ছিল তা ঠেকাতেই এইপদক্ষেপ বলে মনে করা হচ্ছে। অকুস্থলে থাকা কোন জিনিষ থেকে কিভাবে নমুনা সংগ্রহ করতে হবে তা নির্দিষ্ট করা হয়েছে মান্য কার্যবিধিতে। এছাড়া নমুনা প্যাকেট বন্দি করার পর তার বিস্তারিত বিবরণ এবং তা যাতে নষ্ট না হয়, সেদিকটিতেও বিশেষ নজর রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে। তবে আগে প্রকাশ করা হবে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল। তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হওয়ার পর নবম-দশমের শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হবে। গত ৭ ও ১৪ই সেপ্টেম্বর নিয়োগ পরীক্ষা হয়েছিল। একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি। পরীক্ষা দিয়েছিলেন দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন। নবম-দশমের ২৩ হাজার ২১২টি শূন্য পদের জন্য ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন পরীক্ষা দিয়েছিলেন।

উল্লেখ্য, চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

oooooooooooooooooooooo

নবদ্বীপের রাস উৎসবে আজ আড়ং। গতকাল দিনভর পূর্জার্চনার পর আজ বিকেল থেকে শোভাযাত্রা সহকারে দেব-দেবীর মূর্তির বিসর্জনের পথে রওনা হবে। সাক্ত ও বৈষ্ণবের মিলন উৎসবে রাসকে ঘিরে নবদ্বীপে এখন জনওয়ার। রয়েছে কড়া পুলিশী নিরাপত্তা।

অন্যদিকে কোচবিহার পৌরসভা পরিচালিত রাস মেলার সূচনা হচ্ছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo